DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 13 Nov 2026, 02:44 PM

আন্তর্জাতিক

ইরানের পারমাণবিক স্থাপনায় হামলায় নীরব, ইউক্রেনের ঘটনায় সরব আইএইএ প্রধান: তেহরান

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ১০ নভেম্বর ২০২৬, ০২:২৯ PM



সংগৃহীত ছবি

ইরানের পারমাণবিক স্থাপনায় যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার ঘটনায় নিন্দা না জানালেও ইউক্রেনের জাপোরিঝিয়া পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের কর্মী নিহত হওয়ার ঘটনায় সরব হয়েছেন আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার (আইএইএ) মহাপরিচালক রাফায়েল গ্রোসি। তাঁর এমন অবস্থানকে দ্বিমুখী আখ্যা দিয়ে সমালোচনা করেছে ইরান।

ইরানের জাতীয় সম্প্রচার সংস্থা আইআরআইবির এক প্রতিবেদনে বলা হয়েছে, ভিয়েনায় আন্তর্জাতিক সংস্থাগুলোতে নিযুক্ত ইরানের প্রতিনিধি দল গ্রোসির ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছে। পারমাণবিক স্থাপনায় হামলার ঘটনায় তাঁর অবস্থানের মধ্যে স্পষ্ট বৈপরীত্য রয়েছে বলে দাবি করেছে তেহরান।

ইরানের প্রতিনিধি দলের এক বিবৃতিতে বলা হয়, দেশটির পারমাণবিক স্থাপনাগুলোতে যখন বোমা হামলা চালানো হয়েছিল, তখন আইএইএর মহাপরিচালক জানিয়েছিলেন, এ ধরনের হামলার নিন্দা জানানো তাঁর দায়িত্বের মধ্যে পড়ে না।

বিবৃতিতে ইউক্রেনের জাপোরিঝিয়া পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের এক কর্মীর মৃত্যুর ঘটনায় গ্রোসির নিন্দা জানানোর বিষয়টিও তুলে ধরা হয়। ইরানের অভিযোগ, ইউক্রেনের ঘটনায় তিনি প্রতিক্রিয়া জানালেও ইরানের ক্ষেত্রে একই অবস্থান নেননি।

ইরানের প্রতিনিধি দল আরও বলেছে, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলায় দেশটির শান্তিপূর্ণ ও সুরক্ষিত পারমাণবিক স্থাপনাগুলো ক্ষতিগ্রস্ত হওয়ার পাশাপাশি পারমাণবিক বিজ্ঞানীরাও হত্যার শিকার হয়েছেন। আইএইএর ইতিহাসে এ ধরনের হামলা নজিরবিহীন হলেও এসব ঘটনায় গ্রোসি কোনো নিন্দা জানাননি।

বিবৃতিতে বলা হয়, সে সময় আইএইএর মহাপরিচালক মনে করেছিলেন, এ ধরনের ঘটনার নিন্দা জানানো তাঁর দায়িত্ব ও কাজের আওতাভুক্ত নয়। অথচ ইউক্রেনের ঘটনায় তাঁর প্রকাশ্য প্রতিক্রিয়া ভিন্ন অবস্থানের ইঙ্গিত দেয়।

এ বিভাগের আরও খবর



১৫২ বছর পর মিসিসিপি থেকে নির্বাচিত হলেন প্রথম কৃষ্ণাঙ্গ সিনেটর
যুক্তরাষ্ট্রের মিসিসিপি অঙ্গরাজ্যের সিনেট নির্বাচনে রিপাবলিকান প্রার্থীকে হারিয়ে জয় পেয়েছেন ডেমোক্রেটিক পার্টির স্কট কোলম। তাঁর এই জয়ের মধ্য...



হেগসেথের অভিশংসন প্রস্তাব আটকে দিলেন রিপাবলিকানরা
ইরান যুদ্ধকে কেন্দ্র করে মার্কিন প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথের বিরুদ্ধে অভিশংসনের উদ্যোগ নিয়েছিলেন কংগ্রেসের এক সদস্য। তবে প্রতিনিধি পরিষদে...



আগামী বছরও কেন বাড়তে পারে গরম, বিজ্ঞানীরা দিচ্ছেন যে সতর্কবার্তা

২০২৬ সালও বিশ্বের উষ্ণতম বছরগুলোর তালিকায় স্থান পেতে যাচ্ছে। বছর শেষ হলেও তাপমাত্রা বৃদ্ধির প্রবণতা থেকে দ্রুত স্বস্তি মিলবে না বলে আশঙ্কা ক...



মিসরে দুই ট্রেনের সংঘর্ষে নিহত ৭, আহত অন্তত ১১২

মিসরের রাজধানী কায়রোর দক্ষিণে দুই ট্রেনের সংঘর্ষে অন্তত সাতজন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরও ১১২ জন। নিহত ব্যক্তিদের মধ্যে দুই ট্রেনের...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন:

https://www.dhakaprobe.com/international/iraner-parmanbik-sthapnay-hamlay-nirb-iukrener-ghtnay-srb-aieie-prdhan-tehran